



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ জুলাই' ২০২৩ খ্রি.

ওয়াছিয়া আহমদিয়া সুন্নিয়া মদ্রাসার ম্যানেজিং কমিটির সভায়-মেয়র মদ্রাসা শিক্ষায় পাথিব ও পরকালীন মুক্তি পথ দেখায়

ওয়াছিয়া আহমদিয়া সুন্নিয়া মদ্রাসার ম্যানেজিং কমিটির সভা আজ শনিবার সকালে মদ্রাসা মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা এম. রেজাউল করিম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সিটি মেয়র বলেন, মদ্রাসা শিক্ষায় পাথিব ও পরকালীন মুক্তি পথ দেখায়। কুরআন-হাদিসের জ্ঞান অর্জনের মাধ্যমে দেশ প্রেমিক নেতৃত্বে মূল্যবোধ সম্পন্ন সুনাগরিক স্তুতি করতে হবে। আবহমান কাল থেকে উপ-মহাদেশে ইসলামের প্রচার-প্রসার ঘটেছে সুফি-সাধক আউলিয়ায়ে কেরামদের মাধ্যমে। জ্ঞানের মূল শিকড় হলো, কুরআন-হাদিস, আর কুরআন হাদিসের চর্চা কেবল হলো মদ্রাসা শিক্ষা। কুরআন-হাদিসের জ্ঞান অর্জনের মাধ্যমে প্রজন্মকে আলোকিত দেশ গঠনে এগিয়ে আসতে হবে। মদ্রাসার উপাধ্যক্ষ কাজী মুফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন-অধ্যক্ষ সৈয়দ মুহাম্মদ আরু ছালেহ। উপস্থিত ছিলেন ওয়াছিয়া আহমদিয়া এতিমখানার সেক্রেটারী হাজি এয়ার মোহাম্মদ মুছা, বদরুল আলম, মোহাম্মদ সাদেক, বখতেয়ার উদ্দিন, হাফেজ মাওলানা আবু তৈয়ব, মাওলানা আমিরুল ইসলাম চৌধুরী, আবুল হোসাইন, মনিরুল হাসান, ইফফাত জাহান, রুমা আকতার, মাস্টার রেজাউল করিম, মাস্টার ইহমান্তল, মাস্টার হাসান ইমাম, গোলাম মুস্তফা, মাওলানা আবদুল বারী, শফিউল আলম, আবদুল করিম প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮